

দৈনিক খবর

তারিখ 24 DEC 1967 ... ..

পৃষ্ঠা... .. ৫ কলাম... ..

## মঠবাড়িয়া সরকারী কলেজের সমস্যা

দক্ষিণ বাংলার একটি ঐতিহ্যবাহী শিক্ষা প্রতিষ্ঠান মঠবাড়িয়া সরকারী কলেজ। ১৯৮৪ সালে কলেজটি সরকারী পর্যায় উন্নীত করা হয়। কলেজের বর্তমান ছাত্র-ছাত্রীর সংখ্যা প্রায় ১৩৪০। কলেজটি সরকারী করা সত্ত্বেও কলেজের বহুবিধ সমস্যা এখনও দূর হয়নি। এর মধ্যে কয়েকটি উল্লেখযোগ্য সমস্যা হল :-

এ কলেজে পর্যাপ্ত সংখ্যক প্রভাষক নেই। বাংলা বিভাগে, ইংরাজী বিভাগে, পদার্থ বিজ্ঞানে, গণিতে, জীববিজ্ঞানে, প্রাণী বিজ্ঞানে, রসায়ন বিজ্ঞানে, কৃষি বিজ্ঞানে, দর্শনে, হিসাব বিজ্ঞানে, অর্থনীতি বিভাগে এবং অন্যান্য বিভাগেও প্রভাষকের নিদারুণ অভাব আছে। পরিসংখ্যান বিভাগে কোন প্রভাষক না থাকায় অনেক ছাত্র-ছাত্রীদের বিষয়টি নিতে ইচ্ছা থাকা সত্ত্বেও নিতে পারছে না। এরই ফলশ্রুতিতে বর্তমানে ছাত্র-ছাত্রীরা খুবই সংকটে পড়েছে। বিশেষ করে রসায়ন ও কৃষি বিজ্ঞান বিভাগে কোন প্রভাষক না থাকায় ছাত্র-ছাত্রীদের ভবিষ্যৎ অন্ধকার। এ বছর যারা দ্বাদশ শ্রেণীর ছাত্র-ছাত্রী তারা মাত্র পাঁচ মাস রসায়ন বিজ্ঞান ক্লাস পেয়েছে, যা একাদশ ও দ্বাদশ শ্রেণীর পাঠ্যসূচী অনুযায়ী খুবই নগণ্য অথচ রসায়ন বিজ্ঞান, বিজ্ঞান বিভাগের ছাত্র-ছাত্রীদের জন্য আবশ্যিক।

কলেজে একটি বালক ও একটি বালিকা কমন রুম আছে। তাও এখন ধংসের মুখে। এখানে ছাত্র-ছাত্রীদের কোন টিফিনের ব্যবস্থা নেই। বহুবিধ সমস্যায় কলেজটি জর্জরিত।

তাই অসহায় ছাত্র-ছাত্রীদের সুবিধার জন্য অনতিবিলম্বে প্রয়োজনীয় প্রভাষক নিয়োগ,

ছাত্রাবাস নির্মাণ এবং অন্যান্য সমস্যার সমাধানকল্পে ব্যবস্থা গ্রহণের জন্য কর্তৃপক্ষের দৃষ্টি আকর্ষণ করছি।

ছাত্র-ছাত্রীর পক্ষে  
কাজল বরণ দাস  
(একাদশ শ্রেণী)  
বিজ্ঞান বিভাগ।

256